

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সংশ্লিষ্ট পরিকল্পনা প্রনয়ন, বাস্তবায়ন ও নীতি সংক্রান্ত সমীক্ষা প্রকল্প
প্রকল্প পরিচালকের দপ্তর
১৩২/৪, নিউ বেইলী রোড, ঢাকা

নং- ৩৫.০০.০০০০.পিএফএস.০৭.০০৬.২১-৯৬

তারিখ: ২১/১২/২০২১ খ্রি:


বিষয়: আসবাবপত্র ক্রয়ের জন্য কোটেশন আহ্বান (Request For Quotation)।

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সংশ্লিষ্ট পরিকল্পনা প্রনয়ন, বাস্তবায়ন ও নীতি সংক্রান্ত সমীক্ষা (পিএফএস) প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত আসবাবপত্রসমূহ ক্রয়ের জন্য বাংলাদেশের প্রকৃত ঠিকাদার/ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে নিম্নলিখিত শর্তসাপেক্ষে সীল মোহরকৃত খামে পিপিআর-২০০৮ এবং সংশোধিত ২০০৯ অনুসারে সিডিউল মোতাবেক কোটেশন (দরপত্র) আহ্বান করা যাচ্ছে:

নং	নাম	পরিমাণ	সাইজ
০১	এক্সিকিউটিভ টেবিল	০২টি	1200×700×750mm
০২	এক্সিকিউটিভ চেয়ার	০২টি	Standard
০৩	ফাইল কেবিনেট	০২টি	480×610×1400mm
০৪	সোফা	০২সেট	2+2+1
০৫	লুকিং গ্যাস	০২টি	Standard
০৬	কোট স্ট্যান্ড	০২টি	455×455×500mm
০৭	কম্পিউটার টেবিল	০৫টি	1000×500×750mm
০৮	কম্পিউটার চেয়ার	০৫টি	Standard
০৯	ভিজিটর চেয়ার	০৫টি	Standard
১০	সাইট টেবিল	০২টি	1000×400×680mm
১১	পাদানি	০২টি	24×18 inch
১২	আলমারি	০২টি	910×480×1930mm
১৩	বুক সেলফ	০৩টি	Standard

শর্তসমূহ:

- কোটেশন সিডিউল প্রাপ্তির স্থান: প্রকল্প পরিচালকের কার্যালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সংশ্লিষ্ট পরিকল্পনা প্রনয়ন, বাস্তবায়ন ও নীতি সংক্রান্ত সমীক্ষা প্রকল্প, ১৩২/৪, নিউ বেইলী রোড, ৫ম তলা, ঢাকা এর বরাবরে প্রতিষ্ঠানের প্যাডে আবেদন করে সিডিউল সংগ্রহ করতে হবে।
- কোটেশন সিডিউল দাখিলের স্থান: প্রকল্প পরিচালকের কার্যালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সংশ্লিষ্ট পরিকল্পনা প্রনয়ন, বাস্তবায়ন ও নীতি সংক্রান্ত সমীক্ষা প্রকল্প, ১৩২/৪, নিউ বেইলী রোড, ৫ম তলা, ঢাকা এর বরাবরে সিডিউল দাখিল করতে হবে।
- কোটেশন সিডিউল প্রাপ্তির তারিখ ও সময়: ২১/১২/২০২১ হতে ২৯/১২/২০২১ তারিখ সকাল ১১.০০ ঘটিকা পর্যন্ত।
- কোটেশন দাখিলের তারিখ ও সময়: ২৯/১২/২০২১ তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত।
- কোটেশন খোলার তারিখ ও সময়: ২৯/১২/২০২১ তারিখ বেলা ০২.৩০ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- কোটেশন খোলার সময় কোন সিডিউল সরবরাহ করা হবে না।
- কোটেশনের সাথে প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ সনদপত্র, ভ্যাট নিবন্ধন নম্বর পত্র ও ব্যাংক সলভেন্সী সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।
- সিডিউলে উল্লিখিত আসবাবপত্র সরবরাহের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী সকল প্রকার গুণ্ড ও অন্যান্য করাদী সরবরাহকারীকে বহন করতে হবে।
- প্রাপ্ত সরবরাহকারী প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে সিডিউল অনুযায়ী মালামাল নিজ খরচে প্রকল্প পরিচালকের কার্যালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সংশ্লিষ্ট পরিকল্পনা প্রনয়ন, বাস্তবায়ন ও নীতি সংক্রান্ত সমীক্ষা প্রকল্প, ১৩২/৪, নিউ বেইলী রোড, ৫ম তলা, ঢাকা পৌঁছে দিতে হবে।
- মালামালের বিল চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা থেকে প্রদত্ত চেকের মাধ্যমে পরিশোধ করা হবে। এ জন্য মালামাল সরবরাহকারীকে চালানসহ ৩ (তিন) কপি বিল প্রকল্প পরিচালক বরাবরে দাখিল করতে হবে।
- কোন প্রকার ঘষামাজা বা ক্লটিপূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্র দাতাকে সিডিউলের প্রতি পাতায় স্বাক্ষর ও সীল দিতে হবে।
- কর্তৃপক্ষের কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই যে কোন কোটেশন গ্রহণ, বাতিল বা আংশিক পরিবর্তন কিংবা সংশোধনের পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোঃ সামীমুজ্জামান)
প্রকল্প পরিচালক (উপসচিব)
পিএফএস প্রকল্প
ফোন : ৯৫৪৫৬৫০


অপর পৃষ্ঠা দৃষ্টব্য

নং- ৩৫.০০.০০০০.পিএফএস.০৭.০০৬.২১-৯৬

তারিখ: ২১/১২/২০২১ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা
- ০৩। সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৪। উপ-প্রকল্প পরিচালক, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সংশ্লিষ্ট পরিকল্পনা প্রনয়ন, বাস্তবায়ন ও নীতি সংক্রান্ত সমীক্ষা প্রকল্প, ঢাকা
- ✓ ০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)
- ০৬। হিসাবরক্ষণ কর্মকর্তা(অ. দা.), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সংশ্লিষ্ট পরিকল্পনা প্রনয়ন, বাস্তবায়ন ও নীতি সংক্রান্ত সমীক্ষা প্রকল্প, ঢাকা
- ০৭। অতিরিক্ত সচিব (পরিকল্পনা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৮। নোটিশ বোর্ড, প্রকল্প অফিস/সচিবালয় গেইট নং ১/২, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৯। অফিস কপি


(মোঃ সামীমুজ্জামান)
উপসচিব
ও
প্রকল্প পরিচালক